

## টাঃ বিঃ হলগুলোতে ছাত্রদল কর্মী সন্দেহে নিরীহ ছাত্রদের নির্যাতন করছে ছাত্রলীগ ক্যাডাররা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে এখন ছাত্রদল কর্মী সন্দেহে নিরীহ ছাত্রদের ওপর নির্যাতন করছে মুজিববাদী ছাত্রলীগ ক্যাডাররা। গত কয়েক দিনে এ নির্যাতনের মাত্রা বৃদ্ধি পেয়েছে। এমনকি ব্যক্তিগত শত্রুতার জের ধরে অনেক সাধারণ ছাত্রকে সুকৌশলে ছাত্রদল অ্যাখ্যা দিয়ে মারধর ও হল থেকে বিতাড়িত করা হচ্ছে। ছাত্রলীগের অনেক নীরব সমর্থক এ সন্ত্রাসের হাত থেকে রেহাই পাচ্ছে না। রাত জেগে কেউ হল পাহারা দিতে অস্বীকার করলেও তার ওপর নেমে আসে অত্যাচারের ঝড়। ছাত্রলীগ ক্যাডারদের এ দৌরাখে আবাসিক ছাত্ররা অতিষ্ঠ হয়ে পড়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের এফ রহমান হলে নিরীহ ছাত্রদের ওপর

নির্যাতনের মাত্রা সর্বাধিক। এ হলে গত কয়েক দিনে ইংরেজী ৩য় বর্ষের ছাত্র আজাদ, হিসাববিজ্ঞান বিভাগের ছাত্র মহিম, অর্থনীতি বিভাগের জলিল এবং আইন বিভাগের ইসমাইলকে ছাদে নিয়ে বেদম শ্রহার করে ছাত্রলীগ ক্যাডাররা। হল পাহারা দিতে অস্বীকার করায় এদেরকে মারধর করা হয়। এছাড়া ছাত্রদল কর্মী সন্দেহে গত মঙ্গলবার রাতে অর্থনীতি ৩য় বর্ষের এক ছাত্রকে মুখে ককটেল ভরে দিয়ে রড দিয়ে হাতে পায়ে নির্মমভাবে পেটানো হয়। মুহম্মীন হল থেকে সমাজকল্যাণ বিভাগের ১ম বর্ষের (পুরাতন) ছাত্র ফারুক ও রাজুকে বের করে দেয় ছাত্রলীগ ক্যাডাররা। ছাত্রদল সন্দেহে এদেরকে বিতাড়িত করা হয় বলে জানা গেছে। মুজিব হলে ছাত্রলীগের এক

### ছাত্রলীগ ক্যাডাররা

৮-এর পৃষ্ঠার পর

সক্রিয় কর্মীকে দলের সিনিয়র নেতারা ছাত্রদল অ্যাখ্যা দিয়ে হল থেকে বের করে দেন। হলে হলে ছাত্রলীগের এ সন্ত্রাসের কারণে নিরীহ ছাত্ররা আতঙ্কিত হয়ে পড়েছে। ছাত্ররা ভয়ে থাকে কখন কার ওপর নেমে আসে নির্যাতন, হল থেকে হতে হয় বিতাড়িত। ছাত্রলীগ ক্যাডাররাও ছাত্রদলের ভয়ে এমন আতঙ্কিত যে, কোন কারণ ছাড়াই তারা যে কাউকে শত্রু ও প্রতিপক্ষ মনে করছে।